গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

সভাপতি	ঃ	আনিস মাহমুদ, যুগ্মসচিব পরিচালক (প্রশাসন ও অর্থ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ	ঃ	০৯/১০/২০১৬ খ্রিঃ
সময়	ঃ	বিকাল ০৩:০০ ঘটিকা
স্থান	ঃ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। শুরুতেই বিগত ০৭/০৯/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিষয়	গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	শিল্প কারখানা ও বহুতল ভবন পরিদর্শন এবং মোবাইল কোর্ট পরিচালনা	অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন- ২০০৩ এর আওতায় শিল্প কারখানা ও বহুতল ভবনসমূহে অগ্নি প্রতিরোধ নিশ্চিত করার লক্ষ্যে উপ-সহকারী পরিচালকগণের নেতৃত্বে গঠিত পরিদর্শন টীমের কার্যক্রম জোরদার করতে হবে এবং প্রত্যেক এলাকায় প্রতিমাসে কমপক্ষে একটি করে মোবাইল কোর্ট পরিচালনার উদ্যোগ নিতে হবে।	সহকারী পরিচালক (ঢাকা)
২	সিটিজেন চার্টার হালনাগাদকরণ	আগামী ২০/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েব সাইটে প্রকাশসহ মন্ত্রিপরিষদ বিভাগ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	রিফর্ম সেল
৩	অধিদপ্তরের কর্মকর্তাদের আইটি বিষয়ক প্রশিক্ষণ	আইটি বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
৪	ই-ফাইলিং এর কার্যক্রম চালু	অধিদপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চালুর দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
৫	বার্ষিক পরিসংখ্যান	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৫-২০১৬ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ১৫/১০/২০১৬ এর মধ্যে প্রস্তুত পূর্বক ওয়েব সাইটে প্রকাশ ও মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক (ওয়্যারঃ ও ফাঃ প্রিঃ)
৬	পরিস্কার পরিচ্ছন্নকরণ	৩০/১১/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস ভবন, আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে। এ লক্ষ্যে অধিদপ্তরের অপ্রয়োজনীয় নথিপত্র বাছাই করে পুড়িয়ে ফেলার ব্যবস্থা করতে হবে।	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং (অপাঃ ও মেইনঃ)
৭	ওয়াশরুম মেরামত	ওয়ান স্টপ সেবা সেন্টার ও অভ্যর্থনা কক্ষের কাছাকাছি ওয়াশ রুম মেরামতের কাজ জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে এবং ওয়ান স্টপ সেবা সেন্টারে দর্শনার্থীদের বসার জন্য আসন সংখ্যা বাড়াতে হবে।	সহকারী পরিচালক (উন্নয়ন)
৮	সম্মেলন কক্ষ আধুনিকিকরণ	মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষ উন্নতমানের টেবিল, চেয়ার ও নতুন এসি সংযোজন পূর্বক আধুনিকিকরণ করতে হবে।	সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর)
৯	জনবল মঞ্জুরি, নিয়োগ বিধি সংশোধন, অর্গানোগ্রাম ও টিওএন্ডই হালনাগাদকরণ	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের, অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন- ২০০৩, জনবল মঞ্জুরি, নিয়োগ বিধি সংশোধন, অর্গানোগ্রাম ও টিওএন্ডই হালনাগাদকরণ, The Bangladesh Fire Service Medal Regulations,	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

		১৯৮৩ সংশোধন ও অন্যান্য বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ পরিচালক (প্রশা: ও অর্থ), সহকারী পরিচালক (পরিকল্পনা ও কোষ) ও উপ সহকারী পরিচালক জনাব কাজী নজমুজ্জামানকে দায়িত্ব দিয়ে অফিস আদেশ জারী করতে হবে।	
১০	জঙ্গিবাদের কুফল, দুর্নীতি প্রতিরোধ, নৈতিকতা বিষয়ে প্রশিক্ষণ	জঙ্গিবাদের কুফল, দুর্নীতি প্রতিরোধ, নৈতিকতা বিষয়ে একটি বুকলেট তৈরী করে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে ব্যবহার করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
১১	জাতীয় শুদ্ধাচার কৌশলের প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	২০১৬-১৭ অর্থ বছরে নৈতিকতা কমিটির মাসিক সভা ও অংশীজনের অংশগ্রহণে অবশিষ্ট ৩টি সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
১২	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতা বৃদ্ধি	জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে ৬টি সভা ও ২০০ জনকে বিশেষ প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণের রুটিনে শুদ্ধাচার বিষয়ক ক্লাস অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে প্রশিক্ষণ শাখাকে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
১৩	শুদ্ধাচার পুরস্কার প্রদান	উর্ধ্বতন কর্মকর্তা ও অফিসের কর্মচারীগণসহ সংশ্লিষ্ট সকলের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের (২০১৫-২০১৬) বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
১৪	ই-টেন্ডার	টেন্ডার সংশ্লিষ্ট সকল পর্যায়ে ই-টেন্ডার দ্রুত চালু করতে হবে। চলতি বছরের মধ্যে অন্তত ১টি ই-টেন্ডারের মাধ্যমে মালামাল ক্রয়ের ব্যবস্থা করতে হবে।	ডিডি (পরিঃ কোষ) এবং এডি(ক্রয় ও স্টোর)
১৫	অনলাইনে সেবা প্রদান ও সেবা সহজীকরণ	২০১৬-১৭ অর্থ বছরের মধ্যে অন্তত একটি সেবা অনলাইন রূপান্তর এবং তিনটি সেবা সহজীকরনের বাধ্যবাধকতা রয়েছে। এ লক্ষ্যে বহুতল ভবনের ছাড়পত্র ও ফায়ার লাইসেন্সের মধ্যে ন্যূনতম একটি সেবা অনলাইনের মাধ্যমে প্রদান এবং এ্যাম্বুলেন্স সার্ভিস, ফায়ার রিপোর্ট ও প্যাকেজ ট্রেনিং কে সহজীকরণের উদ্যোগ নিতে হবে।	সহকারী পরিচালক (ওঃ হাঃ ও ফাঃ প্রিঃ)
১৬	অডিট কমিটির সভা	২০১৬-১৭ অর্থবছরের অডিট কমিটির ন্যূনতম ৪টি সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
১৭	পরিবীক্ষণ কার্যক্রম	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পরিবীক্ষণ প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)
১৮	দুর্ঘটনায় সাড়া দান	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অগ্নিকান্ড ও অন্যান্য দুর্ঘটনায় দ্রুততার সাথে ১০০% সাড়া প্রদান নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক (অপারেশন)
১৯	প্রাথমিক চিকিৎসা ও এ্যাম্বুলেন্স সার্ভিস	২০১৬-১৭ অর্থ বছরে দুর্ঘটনা কবলিত ৮০০০ ব্যক্তিকে প্রাথমিক চিকিৎসা প্রদান এবং ৯৮৫০ ব্যক্তিকে এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদানের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে। জরুরি সেবা দানের জন্য প্যারামেডিক তৈরির উদ্দেশ্যে ৮টি বিভাগ হতে ৫ জন করে ৪০ জন ফায়ারম্যান নিয়ে একটি প্যারামেডিক কোর্স চালু করার উদ্যোগ নিতে হবে।	উপ-পরিচালক (অপাঃ ও মেইনঃ) ও সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
২০	অগ্নি ও দুর্ঘটনা প্রতিরোধ মূলক মহড়া এবং মৌলিক প্রশিক্ষণ	২০১৬-১৭ অর্থবছরে ৪৩০০টি অগ্নি ও দুর্ঘটনা প্রতিরোধমূলক মহড়া এবং ৭৫০০০ জনকে মৌলিক প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	উপ-পরিচালক (অপাঃ ও মেইনঃ)
২১	ফায়ার মাশুল ও বহুতল ভবনের ছাড়পত্র প্রদান এবং ফি আদায়	২০১৬-১৭ অর্থ বছরে ১০৭০০ টি ফায়ার লাইসেন্স ও ২৭০ টি বহুতল/বাণিজ্যিক ভবনের ছাড়পত্র ইস্যু এবং ১০ কোটি টাকা ফি আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের উদ্যোগ নিতে হবে।	সহকারী পরিচালক (ওয়্যাঃ হাঃ ও ফাঃপ্রিঃ)

২২	সক্ষমতা বৃদ্ধিকরণে উন্নতর প্রশিক্ষণ	২০১৬-১৭ অর্থ বছরে সক্ষমতা বৃদ্ধিকরণে ২২০ জনকে উচ্চতর প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে।	সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
২৩	ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬	আগামী ১৯-২১ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ উপলক্ষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষ হতে গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট সকল
২৪	বিভাগীয় কল্যাণ তহবিলের অর্থ লাভ জনক খাতে বিনিয়োগ	বিভাগীয় কল্যাণ তহবিলের অর্থ লাভজনক বিনিয়োগের জন্য ব্যবসায়িকভাবে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণী ব্যবস্থা বাস্তবায়ন খাতে বিনিয়োগ করা যায় কিনা পরীক্ষা নিরীক্ষা করে দেখতে হবে।	উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি আসন্ন ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬ এ সংশ্লিষ্ট সকলের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ভাবমূর্তি উন্নত করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনিস [illegible]
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৪৪.০৬.০০০০.০০২.৯৯.০১৪-১০৯৮০(২৬)   তারিখঃ ২৮ অক্টোবর ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলঃ

১। যুগ্মসচিব, অগ্নি অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পঃউঃপ্রঃ), সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
৪। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬। সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর/প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/প্রশিক্ষণ/ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/পরিকল্পনা কোষ)।
৭। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
৮। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (জোন-১/২/৩/৪)।
৯। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০। জনাব --।
১১। আইসিটি সেল, এ অধিদপ্তর। উক্ত কার্যবিবরণী ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

মোঃ বদিউজ্জামান
উপ-পরিচালক (প্রশাঃ ও অর্থ)
ফোনঃ ৯৫৫৭৫৭৯

F:\Administration\Jatiyo Shuddhachar Kowshol\Suddhachar (Integrity)Resolation).doc